

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
www.jpuf.gov.bd
psoskjpu.f.bhurangamari.kurigram.gov.bd

স্মারক নং-৪১.০২.৪৯৬১.০০১.১৫.০১৫.২০২৪-৪৮

তারিখঃ ২১ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

বিষয়ঃ- মোবাইল থেরাপি ভ্যান এর ক্যাম্পেইন সিডিউল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে সমাজকল্যাণ মন্ত্রণালয় অধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (JPUF) কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, ভূরঙ্গামারী এর তত্ত্বাবধানে এলাকার বিভিন্ন স্থানে জে.পি.ইউ.এফ হতে প্রেরিত সিডিউল অনুযায়ী বিশেষজ্ঞ ফিজিওথেরাপি চিকিৎসক দ্বারা মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সম্পূর্ণ বিনামূল্যে থেরাপিউটিক চিকিৎসা সেবা ক্যাম্প পরিচালনা করা হচ্ছে।

আপনি জানেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক দেশের প্রত্যন্ত অঞ্চলে জনগনের দোরগোড়ায় সেবা পৌঁছাতে হবে, এরই আলোকে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু/ব্যক্তিদের এবং প্রতিবন্ধীতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমে বিনামূল্যে থেরাপিউটিক সেবা প্রদান করা হবে এলক্ষ্যে নির্দেশনা অনুযায়ী অত্র অফিস হতে সিডিউল মোতাবেক ক্যাম্পেইন পরিচালনা করা হবে।

উক্ত সেবায় বাত, ব্যথা, (যেমন কোমরে, ঘাড়, হাঁটুতে ব্যথা) স্ট্রোক, প্যারালাইসিস, সিপি, ফ্রোজেন সোল্ডার সহ সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তি ও প্রতিবন্ধীতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের বিনামূল্যে থেরাপিউটিক সেবা প্রদান করা হবে। নিজে সেবা গ্রহণ করুন এবং অন্যকে সেবা গ্রহণে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ক্যাম্পেইন এর তারিখ	বার	স্থান	মন্তব্য
০১।	১০/০৩/২৪-১১/০৩/২৪ খ্রিঃ	রবিবার- সোমবার	বঙ্গসোনা হাট, ইউনিয়ন পরিষদ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।	
০২।	১৩/০৩/২৪-১৪/০৩/২৪ খ্রিঃ	বুধবার-বৃহস্পতিবার	আন্ধারীঝাঁড় ইউনিয়ন পরিষদ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।	

A. Ahad
০৫/০৩/২৪

মোঃ আব্দুল আহাদ

প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা

মোবাইলঃ ০১৭২৩০৯০৯০০

Email: bhurungamarikurigrampsosk@gmail.com

প্রাপক,

চেয়ারম্যান

বঙ্গসোনা হাট/আন্ধারীঝাঁড় ইউনিয়ন পরিষদ

ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ২। উপ-পরিচালক জেলা সমাজ সেবা কার্যালয়, কুড়িগ্রাম।
- ৩। প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, কুড়িগ্রাম
- ৪। কনসালট্যান্ট ফিজিওথেরাপি, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, কুড়িগ্রাম
- ৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
- ৬। অফিস কপি।